

# ২০২৬ সালের এসএসসির সংক্ষিপ্ত সিলেবাস ও নম্বর বণ্টন প্রকাশ

নিজস্ব  
প্রতিবেদক

২৯ ডিসেম্বর,  
২০২৪ ০০:০০

শেয়ার

অ +

অ -



নবম-দশম শ্রেণিতে বিভাগ বিভাজন ফিরিয়ে ২০২৬ সালের এসএসসি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত সংক্ষিপ্ত সিলেবাস, প্রশ্নের  
ধরন ও নম্বর বণ্টন প্রকাশ করেছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)। গতকাল বোর্ডের ওয়েবসাইটে বিজ্ঞান,

ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগের মোট ৩২টি বিষয়ের সিলেবাস প্রকাশ করা হয়েছে। আওয়ামী লীগ সরকারের সময়ে নবম-দশম শ্রেণিতে বিভাগ বিভাজন তুলে দিয়ে দেশে ‘নতুন শিক্ষাক্রম’ চালু করা হয়েছিল। তবে অন্তর্বর্তী সরকার গঠনের পরে এই শিক্ষাক্রম বাদ দেওয়ার ঘোষণা এসেছিল।

এখন অন্তর্বর্তী সরকার আবার বিভাগ বিভাজন ফিরিয়ে আনল।